

ধীরে ধীরে চালাও ছুরি

কাজী নজরুল ইসলাম

ধীরে ধীরে চালাও ছুরি সীমার আমারি গলায় ।

জয়নাল আবেদীনের কান্দন শুনতে দাওনারে আমায়

সীমার তোরে বিনয় করি, আমার গলায় দিসনা ছুরি

বেহেশতে নিব তোরে আখেরী বেলায় ॥

জয়নাল আবেদীনের কান্দন শুনতে দাওনারে আমায়

আমার নানা নবী ছিল গুনাগারের শাফি হল

সেই গলাতে দিত চুমা নানাজি সদাই ॥

ধীরে ধীরে.... এ

কোথায় রইলা মা জননী তোমার হোসেন ধরাশায়ী

সীমারে বসিল মাগো আমারি সীনায়

সেই সীনাতে বিষের ছুরি সীমারে চালায়

সীমার তোরে বিনয় করি আমার গলায় দিসনা ছুরি,

বেহেশতে নিব আখেরী বেলায় ॥

ধীরে ধীরে.... আমারি গলায় (২)